COVID-19 জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতির সময় সিনেমা হলের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা

আপনার এই নথিটি পড়া হয়ে গেলে, আপনি নিচে তা নিশ্চিত করতে পারবেন।

19 অক্টোবর 2020 তারিখের হিসেবে

গভর্নরের নির্বাহী আদেশ অনুযায়ী, সিনেমা হল 23 অক্টোবর, 2020, শুক্রবার,পর্যন্ত বন্ধ ছিল, যার পরে নিউ ইয়র্ক সিটির বাইরের কাউন্টিগুলোতে যেখানে COVID-19 ইতিবাচক হার 14 দিনের রোলিং গড়ে 2% এর নিচে আছে এবং বর্তমানে কোন ক্লাস্টার জোন নেই, সেখানকার সিনেমা হলগুলি এই নির্দেশিকা অনুসারে খুলতে পারে। COVID-19 সংক্রমণের হার এবং ক্লাস্টার জোন সম্পর্কে তথ্যের জন্য, যথাক্রমে নিউ ইয়র্ক ফরওয়ার্ড ইতিবাচক ফলাফল অনুযায়ী কাউন্টি ড্যাশবোর্ড এবং নিউ ইয়র্কের ক্লাস্টার অ্যাকশন ইনিশিয়েটিভ সম্পর্কিত এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) গাইডেন্স দেখুন।

উদ্দেশ্য

COVID-19 গণস্বাস্থ্য জরুরি অবস্থা চলাকালীন সিনেমা হলের মালিক/অপারেটর এবং তাদের কর্মচারী, ঠিকাদার, বিক্রেতা এবং পৃষ্ঠপোষকদের COVID-19 এর প্রাদুর্ভাব থেকে সাবধানতা সংক্রান্ত বিধি-নিষেধ প্রদান করার জন্য এই অন্তর্বর্তী নির্দেশিকা ("সিনেমা হলের জন্য COVID-19 এর অন্তর্বর্তীকালীন নির্দেশিকা") তৈরি হয়েছে।

এই নির্দেশিকাটি চালনা করার অনুমতিপ্রাপ্ত সকল সিনেমা হলের ক্ষেত্রে প্রযোজ্য। যে কোন সিনেমা হলে অবস্থিত রেস্টুরেন্ট, বার এবং/অথবা কনসেশনকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (Department of Health, DOH) এর "COVID-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময় খাদ্য সেবার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশিকা" (Interim Guidance for Food Services During the COVID-19 Public Health Emergency) নির্দেশিকা অনুসরণ করতে হবে। যদিও, প্রয়োজনীয়তার মধ্যে কোন পার্থক্য থাকলে, আরো সাম্প্রতিক নির্দেশিকা প্রযোজ্য হবে। অফিস ভিত্তিক কার্যকলাপগুলিকে অবশ্যই "COVID-19 গণস্বাস্থ্য জরুরি পরিস্থিতিতে অফিস-ভিত্তিক কাজের জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশনা" (Interim Guidance for Office-Based Work during the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কার্য পরিচালনা করতে হবে। এই নির্দেশিকা ড্রাইভ-ইন সিনেমা থিয়েটার, লাইভ পারফরম্যান্স, বা পারফরমিং আর্টস ভেন্যুর ক্ষেত্রে প্রযোজ্য নয়।

এই নির্দেশিকাগুলি কেবলমাত্র ন্যূনতম আবশ্যিকতা এবং সিনেমা হলের মালিক/অপারেটর অতিরিক্ত সতর্কতা এবং নিষেধাজ্ঞা জারি করতে পারেন। এই নির্দেশিকাগুলি প্রকাশনার সময় সর্বাধিক পরিচিত জনস্বাস্থ্যের অভ্যাসের উপর ভিত্তি করা, এবং যে নথির উপর নির্ভর করে এই নির্দেশিকা তৈরি হয়েছে তা প্রায়শই পরিবর্তিত হতে পারে এবং পরিবর্তিত হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষ - নিচে যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে - সিনেমা হল অপারেশন সম্পর্কিত সকল স্থানীয়, স্টেট এবং যুক্তরাষ্ট্রীয় আবশ্যিকতা মেনে চলার জন্য দায়বদ্ধ। এছাড়াও দায়বদ্ধ পক্ষ এই প্রয়োজনীয়তার যে কোনো আপডেটের সাথে বর্তমান থাকার জন্য দায়ী, সেই সাথে যে কোনো সিনেমা হল কার্যক্রম এবং/অথবা সাইট নিরাপত্তা পরিকল্পনায় এগুলি অন্তর্ভুক্ত করার জন্য।

পটভূমি

7ই মার্চ, 2020 তারিখে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো COVID-19 এর পরিপ্রেক্ষিতে একটি জরুরি অবস্থা ঘোষণা করে নির্বাহী আদেশ 202 জারি করেন। সমগ্র নিউইয়র্ক জুড়ে COVID-19 এর কমিউনিটি ট্রান্সমিশন ঘটেছে। আরো ছড়িয়ে পড়া হ্রাস করতে, যেখানে সম্ভব, ব্যক্তিদের মধ্যে অবশ্যই অন্তত 6 ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

20 মার্চ 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.6 জারি করেন, যাতে সমস্ত গৌণ ব্যবসাগুলিকে দপ্তরের দপ্তর মধ্যস্থ কর্মীদের কাজকর্মকে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। অত্যাবশ্যক ব্যবসা, যেমন এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন (Empire State Development Corporation, ESD) এর নির্দেশিকা দ্বারা সংজ্ঞায়িত, এই সীমাবদ্ধতার অধীন ছিল না, কিন্তু, তাদের স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) দ্বারা জারি করা একটি পরিষ্কার এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার জন্য নির্দেশনা ও আদেশ মেনে চলার জন্য নির্দেশ করা হয়, এবং যতটা সম্ভব সামাজিক দূরত্ব বজায় রাখা সনির্বন্ধ অনুরোধ জানানো হয়।

12ই এপ্রিল, 2020 তারিখে, গভর্নর কুওমো সমস্ত অত্যাবশ্যকীয় ব্যবসায়ীক প্রতিষ্ঠানকে তার কর্মীদের, যারা কর্মস্থলে উপস্থিত আছেন, তাদের বিনামূল্যে মুখের আচ্ছাদন প্রদান করতে হবে, যা তাদের কাজের সময় জনসাধারণ বা গ্রাহকদের সঙ্গে সরাসরি সংযোগ ঘটার সময় অবশ্যই ব্যবহার করতে হবে, এই মর্মে নির্বাহী আদেশ 202.16 জারি করেছিলেন। 15 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.17 জারি করেছেন যা দুই বছরের বেশি বয়সী এবং চিকিৎসাগতভাবে মুখের আবরণ সহণ করতে সক্ষম সকলকে একটি সর্বজনীন স্থানে এবং যখন সামাজিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, বা যখন সামাজিক দুরত্ব বজায় রাখছেন না, তখন তাদের নাক ও মুখ একটি মাস্ক অথবা কাপড়ের তৈরি মুখের আবরণ দিয়ে ঢাকার জন্য নির্দেশ দেয়। 16 এপ্রিল 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.18 জারি করেন যা সরকারী এবং বেসরকারী পরিবহণ বা অন্যান্য ভাড়ার পরিবহণ ব্যবহার করার সময়, দুই বছরের বেশি বয়সের এবং চিকিৎসাগতভাবে একটি মুখের আবরণ সহণ করতে সক্ষম সকল মানুষকে অবশ্যই কোন যাত্রার সময় তাদের নাক এবং মুখের উপর একটি মাস্ক অথবা মুখের আবরণ পরার নির্দেশ দেয়। এছাড়াও সরকারি বা বেসরকারি পরিবহনের যে কোন পরিচালক বা চালককে একটি মুখের আবরণ বা মাস্ক যা তাদের নাক এবং মুখ ঢেকে রাখে, টা পরার নির্দেশ দেয় যখন তেমন কোন গাড়িতে কোন যাত্রী থাকে। 29 মে, 2020 তারিখে গভর্নর কুওমো নির্বাহী আদেশ 202.34 জারি করেন, যা ব্যবসা অপারেটর/মালিকদের মুখ না ঢেকে বা মুখাবরণ বা মাস্কের প্রয়োজনীয়তা না মেনে চলা ব্যক্তিবর্গদের প্রবেশে বাধা দেওয়ার অনুমোদন দেয়।

26শে এপ্রিল, 2020 তারিখে গভর্নর কুওমো ঘোষণা করেন যে তথ্য-পরিচালিত, আঞ্চলিক বিশ্লেষণে পর্যায় ভিত্তিতে নিউইয়র্কে শিল্প এবং ব্যবসা পুনরায় খোলার ব্যাপারে পর্যায় ভিত্তিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করা হবে। 4 মে 2020 তারিখে গভর্নর ব্যবস্থা করেন যে নতুন COVID-19 সংক্রমণ জনসাস্থ পরিষেবা লক্ষণ ভিত্তিক পরীক্ষা এবং কন্টাক্ট ট্রেসিং সহ জনস্বাস্থ্যের বিভিন্ন দিক মাথায় রেখে আঞ্চলিক বিশ্লেষণটি করা হবে। 11 মে, 2020-এ, গভর্নর কুওমো ঘোষণা করেন যে, নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে 15 মে, 2020-এর প্রথম পর্যায় শুরু হবে, যা উপলভ্য আঞ্চলিক মেট্রিক্স এবং সূচকের উপর ভিত্তি করে। 29 শে মে, 2020 তারিখে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে স্টেটের বিভিন্ন অঞ্চলে রিওপেনিংয়ের দ্বিতীয় পর্যায় শুরু হবে, এবং ভাইরাসটি কিভাবে প্রতিরোধ করা যেতে পারে তা অনবরত পর্যবেক্ষণ করার জন্য নিউ ইয়র্কবাসী, সরকারী কর্মকর্তা এবং বিশেষজ্ঞদের জন্য রাজ্যের বিস্তৃত ডেটা সংগ্রহের প্রচেষ্টাকে একত্রিত করতে একটি নতুন প্রারম্ভিক সতর্কীকরণ ড্যাশবোর্ড বাস্তবায়ন ব্যবহার করার কথাও ঘোষণা করেছেন। 11 জুন 2020, গভর্নর কুওমো ঘোষণা করেন যে 12 জুন 2020 তারিখে নিউ ইয়র্কের বেশ কিছু অঞ্চলে পুনরায় খোলার তৃতীয় পর্যায় আরম্ভ হবে। 24 জুন, 2020 তারিখে গভর্নর কুয়োমো ঘোষণা করেন যে স্টেটের বেশ কয়েকটি অঞ্চল 26 জুন, 2020 থেকে পুনরায় খোলার চতুর্থ পর্যায়ে প্রবেশ করতে যাচ্ছে। জুলাই 20, 2020 নাগাদ, নিউ ইয়র্ক সিটি সহ নিউ ইয়র্কের সব অঞ্চল, স্টেটের পুনরায় খোলার চতুর্থ পর্যায়ে পৌঁছেছে।

6 অক্টোবর, 2020 তারিখে গভর্নর কুওমো নিউ ইয়র্কের কিছু এলাকায় চিহ্নিত COVID-19 হটস্পট মোকাবেলার জন্য একটি নতুন ক্লাস্টার পদক্ষেপ ঘোষণা করেন। শীর্ষ জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের সাথে কাজ করে, স্টেট এই ক্লাস্টারগুলিকে আক্রমণ এবং ভাইরাসের আর কোন বিস্তার বন্ধ করার জন্য একটি বিজ্ঞান ভিত্তিক পদ্ধতি উদ্ভাবন করেছে, যার মধ্যে রয়েছে নতুন নিয়ম এবং বিধিনিষেধ যা সরাসরি উচ্চ সংখ্যক COVID কেস সংক্রমিত এলাকা এবং পার্শ্ববর্তী এলাকার জন্য প্রযোজ্য হবে। নির্বাহী আদেশ 202.68 এর অধীনে ক্লাস্টার জোনে কিছু কার্যক্রম নিষিদ্ধ, এবং এই ধরনের অঞ্চলে (রেড, ইয়েলো এবং অরেঞ্জ) যে কোন অনুমোদিত কার্যক্রম অবশ্যই স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশিকা মেনে চলতে হবে। এই

ক্লাস্টারগুলির অবস্থান এবং পরিচালনা বিধিনিষেধ সম্পর্কে আপডেট তথ্যের জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট গাইডেন্স এবং নিউ ইয়র্ক ফরওয়ার্ড ওয়েবসাইট দেখুন।

নিম্নলিখিত মানগুলি ছাড়াও, ব্যবসাগুলিকে স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এর জারি করা পরিচ্ছন্ন এবং নিরাপদ কর্ম পরিবেশ বজায় রাখার নির্দেশনা ও আদেশ মেনে চলা অব্যাহত রাখতে হবে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে, নিউ ইয়র্ক স্টেট দ্বারা ইস্যু করা অন্যান্য পরিচালনাবিধি থেকে এই নথিতে উল্লেখ করা পরিচালনা বিধি পৃথক, অধিক সাম্প্রতিক নির্দেশিকা প্রয়োগ করা হবে।

নিউ ইয়র্ক স্টেটে সিনেমা হলসমূহের জন্য দায়িত্বশীল অপারেশনের মান

আমেরিকানস উইথ ডিজাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA), সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC), এনভায়রনমেন্ট প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম বিভাগের অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন (Occupational Safety and Health Administration, OSHA)-এর অনুরূপ ন্যূনতম মান, তবে সেটুকুর মধ্যে সীমাবদ্ধ নয়, তা সহ প্রযোজ্য ফেডারেল শর্তাবলী সর্বোপরি স্টেটের ন্যূনতম মানদণ্ড পূরণ না করে কোনো সিনেমা হল অপারেশন করা যাবে না।

COVID-19 জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতির সময় কার্যরত সমস্ত ইনডোর সিনেমা হল সংক্রান্ত কার্যকলাপের ক্ষেত্রে এই নির্দেশিকায় থাকা স্টেটের মানদণ্ডগুলি স্টেট দ্বারা সংশোধিত বা রদ না করা পর্যন্ত প্রযোজ্য থাকবে। সিনেমা হলের মালিক/পরিচালক, বা দন্তচিকিৎসার ফেসিলিটির মালিক/পরিচালক দ্বারা নিয়োজিত অন্য কোনো পক্ষ (উভয় ক্ষেত্রেই, "দায়বদ্ধ পক্ষগণ") এই মানদণ্ডগুলি পূরণ করার জন্য দায়বদ্ধ থাকবেন।

নিম্নলিখিত নির্দেশিকা তিনটি পৃথক শ্রেণী ঘিরে গড়ে উঠেছে: মানুষ, স্থান, এবং প্রক্রিয়া।

I. মানুষ

A. শারীরিক দূরত্ব

- দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে কোন সিনেমা হলে কর্মী এবং পৃষ্ঠপোষকের উপস্থিতি একটি নির্দিষ্ট এলাকার জন্য সর্বোচ্চ 25% এর মধ্যে সীমাবদ্ধ থাকবে, কর্মচারী এবং পৃষ্ঠপোষকদের অন্তর্ভুক্ত করে, উভয়কেই শুধুমাত্র সিনেমা হলে প্রবেশের অনুমতি দিতে হবে যদি তারা একটি গ্রহণযোগ্য মুখাবরণ পরিধান করে, (খাদ্য, পানীয় গ্রহণের সময় বাদে, যখন বসে থাকতে হবে), যদি কর্মচারী বা পৃষ্ঠপোষকের বয়স দুই বছরের বেশী হয় এবং চিকিৎসাগতভাবে এই ধরনের আবরণ সহ্য করতে সক্ষম হয়।
    - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই 19 অক্টোবর, 2020 পর্যন্ত সর্বোচ্চ দখলদারিত্বের 25% বা 50 জনের কমের মধ্যে কোন স্বতন্ত্র চলচ্চিত্র প্রদর্শন বা প্রদর্শনের ক্ষমতা সীমিত করতে হবে।
- দায়বদ্ধ পক্ষকে কর্মচারী এবং পৃষ্ঠপোষকসহ ব্যক্তিদের মধ্যে কমপক্ষে 6 ফুট দূরত্ব বজায় থাকা নিশ্চিত করতে হবে, যারা একই তাৎক্ষণিক পার্টি বা পরিবারের সদস্য, তাদের বাদে, সব সময়, যদি না নিরাপত্তা বা মূল কার্যকলাপের জন্য কম দূরত্ব প্রয়োজন হয় (যেমন, টিকেট বুথ পরিচালনা, কনসেশন স্ট্যান্ড পরিচালনা)।

- যেখানে কর্মচারী এবং পৃষ্ঠপোষকদের মধ্যে ছয় ফুট দূরত্ব সম্ভব নয়, সেখানে দায়বদ্ধ পক্ষকে অবশ্যই কর্মচারী এবং পৃষ্ঠপোষকদের মধ্যে শারীরিক প্রতিবন্ধকতা সৃষ্টি করতে হবে (যেমন, ক্যাশ রেজিস্টার, টিকেট কিয়স্ক, কনসেশন এবং টিকেট গ্রহণকারী স্টেশন)।

- দায়বদ্ধ পক্ষকে নিশ্চিত করতে হবে যে কর্মচারী এবং পৃষ্ঠপোষকসহ সকল ব্যক্তিকে সব সময় গ্রহণযোগ্য মুখের আবরণ পরতে হবে, যদি না তারা খাওয়া বা মদ্যপান না করে, যে সময়ে তাদের বসে থাকতে হবে; যদি তারা দুই বছরের বেশী বয়সী হয় এবং চিকিৎসাগতভাবে এই ধরনের আবরণ সহ্য করতে সক্ষম হয়। বিশেষ করে, যখনই পৃষ্ঠপোষকরা খাচ্ছে না বা পান করছে না, তাদের অবশ্যই মুখ ঢেকে রাখতে হবে।
  - COVID-19 এর জন্য গ্রহণযোগ্য মুখ আবরণের মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, কাপড়-ভিত্তিক মুখ আবরণ এবং নিষ্পত্তিযোগ্য মাস্ক যা মুখ এবং নাক উভয় ঢেকে রাখে।
  - যদিও, যেসব ক্ষেত্রে সাধারণত কাজের প্রকৃতির কারণে ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম হিসাবে উচ্চ মাত্রার সুরক্ষা প্রয়োজন হয় সেসব ক্ষেত্রে কাপড়, ডিসপোজেবল, বা অন্যান্য উপকরণে তৈরি মুখ আবরণ কর্মক্ষেত্রের কার্যকলাপের জন্য মুখ আবরণ হিসাবে গ্রহণযোগ্য নয়। সেই সমস্ত কার্যকলাপের জন্য, পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য প্রশাসন (OSHA) নির্দেশিকা অনুযায়ী সংজ্ঞায়িত করা বিদ্যমান শিল্পের মানদণ্ড অনুযায়ী N95 রেস্পিরেটার বা অন্যান্য PPE ব্যবহার করা অব্যাহত রাখা উচিত।
  - ফেডারেল ADA এবং নিউ ইয়র্ক স্টেট এবং সিটির মানবাধিকার আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ ভাবে মুখাবরণ পরার প্রয়োজনীয়তা প্রয়োগ করতে হবে, যেমনটা প্রযোজ্য।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে পৃষ্ঠপোষক এবং পৃষ্ঠপোষকদের দলের মধ্যে অন্তত ছয় ফুট দূরে বসার সুযোগ আছে যারা একই তাৎক্ষণিক পার্টি/পরিবার/বাড়ির সদস্য নয়। বিশেষ করে, দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিম্নলিখিত আসনের প্রয়োজনীয়তা গ্রহণ করতে হবে:
  - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই থিয়েটারে প্রবেশের আগে পৃষ্ঠপোষকদের জন্য আসন বরাদ্দ করতে হবে যাতে পৃষ্ঠপোষকরা সামাজিক দূরত্বের প্রয়োজনীয়তা মেনে চলে।
  - একটি সারির মধ্যে, দায়বদ্ধ পক্ষকে অবশ্যই থিয়েটারের আসন সীমিত করতে হবে যাতে প্রতিটি দলের পৃষ্ঠপোষকদের মধ্যে অন্তত দুটি আসন খালি থাকে যদি না থিয়েটারে বসার আসন থাকে যা স্বাভাবিকভাবেই আসনের মধ্যে ছয় ফুট দূরত্ব অনুমোদন করে।
  - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই গতানুগতিক বসার ব্যবস্থায় এক সারি পর পর বসার ব্যবস্থায় সীমিত করতে হবে যদি না থিয়েটারে বসার আসন থাকে যা স্বাভাবিকভাবেই সারির মধ্যে ছয় ফুট দূরত্ব অতিক্রম করে (উদাহরণস্বরূপ, বড় রিক্লাইনার।
  - স্ক্রিনিং শুরু হলে দায়বদ্ধ পক্ষকে অবশ্যই পৃষ্ঠপোষকদের বসে থাকতে উৎসাহিত করতে হবে।
  - যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষের উচিত প্রতিটি সারিতে গ্রুপের সংখ্যা কমানো যাতে কোন ব্যক্তি বিশ্রামাগার ব্যবহার করতে বা কনসেশন এলাকায় যাওয়ার সময় নিকট সান্নিধ্য এড়ানো যায়।

- দায়বদ্ধ পক্ষের উচিত সামাজিক দূরত্বের প্রয়োজনীয়তা মেনে চলা এবং কোন অপ্রয়োজনীয় সমাবেশ এড়ানোর জন্য তাদের আসনে পৃষ্ঠপোষকদের গাইড করা।
  - দায়বদ্ধ পক্ষকে শো/স্ক্রিনিং-এর আগে যতদিন সম্ভব থিয়েটারে আলোকিত রেখে যেতে উৎসাহিত করা হয় যাতে সামাজিক দূরত্বের প্রয়োজনীয়তা অনুযায়ী পৃষ্ঠপোষকরা বসতে পারে।

- দায়বদ্ধ পক্ষগণ কাজের এলাকা ও কর্মীর বসার এলাকার সংখ্যা ব্যবহার পরিবর্তন এবং/অথবা সীমাবদ্ধ করতে পারে, যাতে ব্যক্তিবর্গ সব দিক থেকে অন্তত ছয় ফুট (যেমন-পাশাপাশি এবং একে অপরের মুখোমুখি হওয়ার সময়) বজায় রাখতে পারেন এবং ব্যবহারের মাঝে পরিষ্কার এবং জীবাণুমুক্ত না করে তাদের জায়গাগুলি শেয়ার না করতে হয়। যখন কাজের স্থান অথবা জায়গার মধ্যে দূরত্ব বজায় রাখা সম্ভব নয়, তখন দায়বদ্ধ পক্ষগুলিকে

সেই সব এলাকায় প্লাস্টিক শিল্ডিংয়ের দেওয়ালের মতো শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করতে হবে, যেখানে সেগুলি বাতাসের প্রবাহ, উত্তাপ, শীতলীকরণ অথবা বায়ু চলাচল প্রভাবিত করবে না।

- যদি ব্যবহার করা হয়, তাহলে OSHA নির্দেশাবলী অনুযায়ী শারীরিক প্রতিবন্ধকতা স্থাপন করা উচিত।
- বস্তুগত বাঁধার বিকল্পগুলি অন্তর্ভুক্ত করতে পারে: ফালি করে কাটা পর্দা, কিউবিকল ওয়াল, প্লেক্সিগ্লাস বা সেই ধরনের উপকরণ, বা অন্যান্য অপ্রবেশ্য বিভাজক বা পার্টিশন।

- দায়বদ্ধ পক্ষগণকে ছোট জায়গাগুলির (যেমন লিফট, স্টাফরুম, ক্যাশ রেজিস্টারের পিছনে) ব্যবহার নিষিদ্ধ করতে হবে যাতে এক একজনের বেশি ব্যক্তি ব্যবহার করতে না পারে, যদি না সেই সমস্ত জায়গায় সকল ব্যক্তিবর্গ একই সময় গ্রহণযোগ্য মুখ আবরণ পরে থাকেন। তবে, মুখের আবরণ ব্যবহার করা সত্ত্বেও, দখলকারীর সংখ্যা কখনই স্থানের সর্বাধিক ধারণক্ষমতার 25% অতিক্রম করতে পারবে না, যদি না সেটি একক দখলকারীর ব্যবহারের জন্য তৈরি করা হয়ে থাকে। দায়বদ্ধ পক্ষগণকে নিরাপত্তার প্রোটোকলগুলি মেনে চলার পাশাপাশি বাইরের বাতাস যতটা ভিতরে প্রবেশ করানো যায় তার বন্দোবস্ত (যেমন জানলা এবং দরজা খুলে রাখা) করে বায়ু চলাচল বাড়াতে হবে।

  - দায়বদ্ধ পক্ষের উচিত লিফটের ওয়েটিং এলাকায় সমাবেশ প্রতিরোধ এবং লিফটের ঘনত্ব সীমিত করার জন্য অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করা, যেমন সিঁড়ি ব্যবহার সক্রিয় করা।

- দায়বদ্ধ পক্ষকে সংকীর্ণ রাস্তা (যেমন হলের সারির মাঝে), হলওয়ে, বা ফাঁকা জায়গায় তীর দিয়ে টেপ বা চিহ্ন ব্যবহার করে দ্বি-মুখী চলাচল কমানোর ব্যবস্থা রাখতে হবে, এবং সাধারণত ব্যবহৃত এলাকায় বা যেসব জায়গায় সাধারণত লোকজন জড় হয় বা লাইনে দাড়ায় (যেমন টিকেট কেনা এবং টিকেট নেওয়ার লাইন, এলিভেটরের ঢোকার রাস্তা, হলের ঢোকার এবং বের হওয়ার রাস্তা, লবিতে থাকা সাধারণ বসার জায়গা) সেখানে ছয় ফুট পর পর দূরত্বের চিহ্ন দিতে হবে।
  - যেখানেই সম্ভব সেখানে, একমুখী ভিড়কে যাওয়ার জন্য উৎসাহিত করতে মার্কার অথবা বন্ধন রাখুন।
  - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই সাধারণ ঘনবসতিপূর্ণ এলাকাগুলিতে ছয় ফুটের ব্যবধানের জন্য এলাকা চিহ্নিত করতে হবে (উদাহরণস্বরূপ, লবিতে সাধারণ বসার জায়গাগুলি)।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে বিনোদনমূলক এলাকা এবং ডিভাইস (উদাহরণস্বরূপ, আরকেড গেম, ফটো বুথ) বন্ধ, নিষ্ক্রিয় করা হয়েছে, অথবা অন্যথায় পৃষ্ঠপোষকদের কাছে প্রবেশযোগ্য নয়।

- দায়বদ্ধ পক্ষের উচিত থিয়েটার বা থিয়েটারের মধ্যে নয় এমন যে কোন সাধারণ বসার এলাকা (উদাহরণস্বরূপ, লবি) বন্ধ করার কথা বিবেচনা করা। এই ধরনের জায়গা খোলা থাকলে, দায়বদ্ধ পক্ষগুলির সিটিং এলাকার ব্যবস্থায় (উদাহরণস্বরূপ, চেয়ার, টেবিল) পরিবর্তন করা উচিত, যাতে ব্যক্তি বা পৃষ্ঠপোষকদের দল সব দিক থেকে অন্তত ছয় ফুট ব্যবধানে থাকেন (উদাহরণস্বরূপ, পাশাপাশি ভাবে এবং যখন একে অপরের মুখোমুখি হন) তা নিশ্চিত করা যায়।

- দায়বদ্ধ পক্ষগণকে সিনেমা হল জুড়ে স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এর COVID-19 সাইনেজের সাথে সামঞ্জস্যপূর্ণ নিদর্শন স্থাপন করতে হবে। দায়বদ্ধ পক্ষ তাদের কর্মক্ষেত্র বা সেটিং-এর উপর ভিত্তি করে নিজেদের কাস্টমাইজড চিহ্ন তৈরি করতে পারে, এই ধরনের চিহ্ন ডিপার্টমেন্টের চিহ্নের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। ব্যক্তিদের নিম্নোক্ত বিষয়গুলি মনে করিয়ে দেওয়ার জন্য চিহ্নের ব্যবহার করা উচিত:
  - তারা অসুস্থ বোধ করলে বাড়িতে থাকা।
  - খাবার খাওয়া, পান করার সময় বাদে সব সময়একটি কাপড়ের মুখাবরণ দিতে মুখ এবং নাক ঢেকে রাখতে হবে, এবং ঐ সময় বসে থাকতে হবে।

- যদি তারা সম্প্রতি COVID-19 এর উল্লেখযোগ্য কমিউনিটি সংক্রমণ রয়েছে এমন একটি স্টেটে বা CDC এর লেভেল 2 বা 3 এ রয়েছে এমন দেশে গিয়ে থাকে, তাহলে DOH এর ভ্রমণ নির্দেশিকা অনুসারে কোয়ারেন্টিন করতে হবে।
- PPE সঠিকভাবে রাখা এবং যখন প্রয়োজন, তা বাতিল করা।
- শারীরিক দূরত্বের নির্দেশাবলী মেনে চলুন।
- COVID-19 এর উপসর্গ বা সংক্রমণের প্রতিবেদন করা, এবং কিভাবে এটি করা উচিত।
- হাতের পরিচ্ছন্নতা এবং পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণের নির্দেশিকা অনুসরণ করা।
- যথাযথ শ্বাস-প্রশ্বাসের পরিচ্ছন্নতা এবং কাশির শিষ্টাচার অনুসরণ করা।

B. আবদ্ধ স্থানে সমাবেশ

- দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই যতটা সম্ভব সশরীরে কর্মী সমাবেশ সীমিত করতে হবে (যেমন কর্মচারী সভা, ব্রেক রুমে, স্টক রুম) এবং, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) এর নির্দেশিকা "ব্যবসা ও নিয়োগকর্তাদের জন্য করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) এর জন্য পরিকল্পনা এবং প্রতিক্রিয়ার অন্তর্বর্তী নির্দেশিকা" (Interim Guidance for Businesses and Employers to Plan and Respond to Coronavirus Disease 2019 (COVID-19) অনুযায়ী ভিডিও বা টেলিকনফারেন্সিং এর মতো অন্যান্য পদ্ধতি ব্যবহার করার কথা বিবেচনা করতে হবে। যখন ভিডিওকনফারেন্সিং বা টেলিকনফারেন্সিং সম্ভব হয় না, তখন দায়িত্বশীল দলগুলোর খোলা, ভালভাবে ভেন্টিলেটারের মধ্যে মিটিং করা উচিত এবং নিশ্চিত করা উচিত যে ব্যক্তি এক আরেকজনের মধ্যে ছয় ফুট সামাজিক দূরত্ব বজায় রাখবে (যেমন চেয়ার থাকলে, চেয়ারের মধ্যবর্তী জায়গা ছেড়ে দেওয়া, ব্যক্তিবর্গকে একটা চেয়ার ছেড়ে পরে চেয়ারেবসতে হবে)।
- দায়বদ্ধ পক্ষগণকে লোকজনের উপস্থিতি সীমিত করে অথবা অত্যাবশ্যক নয় এমন সুযোগ-সুবিধা এবং সাম্প্রদায়িক এলাকা যা যথাযথ সামাজিক দূরত্ব পালনের সুযোগ দেয় না তা বন্ধ করে সামাজিক দূরত্ব পালনকে উৎসাহিত করতে হবে। যদি খোলা থাকে, দায়বদ্ধ পক্ষকে অবশ্যই এই ধরনের সুবিধার কাছাকাছি সরঞ্জামের পাশে হ্যান্ড স্যানিটাইজার বা জীবাণুনাশক ওয়াইপ সরবরাহ করতে হবে (উদাহরণস্বরূপ, ভেন্ডিং মেশিন, সাম্প্রদায়িক কফি স্টেশন, ব্রেক রুম)।
- দায়বদ্ধ পক্ষকে ছোট এলাকায়, যেমন বিশ্রামকক্ষ এবং ব্রেকরুম-এ পর্যাপ্ত সামাজিক দূরত্বের পালনের ব্যবস্থা করতে হবে, এবং এই ধরনের এলাকায় যখন সামাজিক দূরত্ব রক্ষা করা যাবে না, তখন লোক সমাগম সীমাবদ্ধ রাখার জন্য চিহ্ন এবং সিস্টেম (যেমন ব্যবহৃত হচ্ছে চিহ্ন) ব্যবহার করতে হবে; এবং
- যেখানে সম্ভব দায়বদ্ধ পক্ষ সাম্প্রদায়িক বাথরুমের জন্য সর্বোত্তম অনুশীলন বাস্তবায়ন করতে পারে, যার মধ্যে রয়েছে:
  - যদি ছয় ফুট ব্যবধান রাখা সম্ভব না হলে, টয়লেট এবং সিঙ্কের মধ্যে বস্তুগত বাঁধা স্থাপন করা; এবং
  - এয়ার ড্রায়ারের পরিবর্তে স্পর্শবিহীন কাগজের তোয়ালের ডিস্পেন্সার ব্যবহার করা;
- দায়বদ্ধ পক্ষগুলির উচিৎ তাদের কর্মীদের যে কোন সমাবেশের জন্য সামাজিক ব্যবধান (অর্থাৎ ছয় ফুট ব্যবধান) পালন করার উদ্দেশ্যে (যেমন কফি পানের বিরতি, খাবার, শিফট শুরু/শেষ হওয়া) সময়সূচী আগু-পিছু করা।

C. কার্য পরিচালনা সংক্রান্ত কার্যকলাপ

- দায়বদ্ধ পক্ষদের নিম্নলিখিত পদ্ধতিগুলির মাধ্যমে পারস্পরিক সংযোগ এবং জনসমাগম কমাতে হবে এই ধরণের পদ্ধতিগুলির মাধ্যমে:

- কেবলমাত্র সেই কর্মীদের মধ্যে সশরীরে উপস্থিতি সীমিত করতে হবে যাদের সিনেমা হলে থাকা প্রয়োজন;
    - কর্মক্ষেত্রের সময়গুলির সামঞ্জস্যবিধান;
    - সামাজিক দূরত্বের নির্দেশিকা পালনের জন্য অন-সাইট কর্মচারীর সংখ্যা হ্রাস করা;
    - শিফটিং ডিজাইন (উদাহরণস্বরূপ A/B দল, আগমন/প্রস্থানের সময় আগু-পিছু করা); এবং/অথবা
    - টেলিফোন, কপিয়ার, প্রিন্টার, রেজিস্টার ইত্যাদি সাধারণ অফিস সরঞ্জামের নিরাপদ ব্যবহারের জন্য প্রোটোকল তৈরি;
- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই সিনেমা দেখানোর সময়কে বিভিন্ন করতে হবে যাতে থিয়েটারগুলো রক্ষণাবেক্ষণ/স্ক্রিনিং শেষ হওয়ার পর পুঙ্খানুপুঙ্খভাবে পরিষ্কার করা এবং জীবাণুমুক্ত করা যায়, এবং লবিতে ভিড় এড়ানো যায়।
- দায়বদ্ধ পক্ষদের প্রয়োজন মতো খোলা থাকার সময় নিয়ন্ত্রণ করতে হবে যাতে সম্প্রসারিত পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার পদ্ধতি সক্রিয় করা যায়।

D. চলাচল ও বাণিজ্য

- দায়বদ্ধ পক্ষগুলিকে সর্বাধিক ধারণক্ষমতা এবং সামাজিক দূরত্বের প্রয়োজনীয়তাগুলির মেনে চলা নিশ্চিত করতে অবশ্যই বিল্ডিং এবং হলগুলির দিকে এবং এর ভিতরে জন চলাচলের প্রবাহকে পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণ করতে হবে।
    - লবি এবং সিনেমা হলে জনসমাগম মনিটর করতে এবং গ্রুপগুলির সামাজিক সমাবেশের সীমাবদ্ধতা মেনে চলা সুনিশ্চিত করতে দায়বদ্ধ পক্ষগণকে পর্যাপ্ত কর্মচারী বা নিরাপত্তা কর্মী রাখতে হবে।
    - দায়বদ্ধ পক্ষগণে অবশ্যই জনসমাগম বা একসাথে জমায়েত হওয়া নিষিদ্ধ করতে হবে এবং একসাথে জমায়েত হওয়া বন্ধ করতে আরো কর্মচারী নিয়োগ করা সহ, পর্যাপ্ত কর্মচারী বা নিরাপত্তা কর্মী রাখতে হবে।
- যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষগুলির পরিষ্কারভাবে পৃথক প্রবেশদ্বার এবং প্রস্থান পথ নির্দিষ্ট করা উচিত।
- দায়বদ্ধ পক্ষকে পৃষ্ঠপোষকদের জন্য প্রতিষ্ঠানের বাইরে শারীরিক দূরত্ব বজায় রেখে সারিবদ্ধ করে দাঁড় করানোর ব্যবস্থা রাখতে হবে, যার মধ্যে চাক্ষুষ ইঙ্গিত এবং/অথবা সারি নিয়ন্ত্রণ যন্ত্র (যেমন স্টানশন, লাইনের দূরত্ব মার্কার, তীর চিহ্ন)ইত্যাদি অন্তর্ভুক্ত।
- দায়বদ্ধ পক্ষের উচিৎ অন্যান্য পৃষ্ঠপোষকদের মধ্যে সামাজিক দূরত্ব বৃদ্ধি করার জন্য জনগণের ওয়েটিং এলাকার ব্যবস্থা করা (যেমন লাইন, পার্কিং এলাকা) এবং এলাকার অন্যদের সাথে যোগাযোগ কমানোর ব্যবস্থা করা।
- দায়বদ্ধ পক্ষের অন-সাইট আলাপচারিতা সীমিত করা উচিত (উদাহরণস্বরূপ, যে সমস্ত ব্যক্তি সিনেমা হল থেকে চলে যাচ্ছেন এবং যারা প্রবেশ করছেন তাদের জন্য পৃথক প্রস্থান এবং প্রবেশদ্বারের ব্যবস্থা রাখা) এবং চলাচল সীমিত করা উচিৎ (যেমন কর্মীদের উচিৎ নিজেদের ওয়ার্কস্টেশনের কাছে যথাসম্ভব থাকা)।
    - যেখানে সম্ভব, দায়বদ্ধ পক্ষের উচিত (1) সিনেমা হলে বা ভবনে ট্রাফিক প্রবাহ পরিচালনা করার জন্য প্রবেশদ্বারের সংখ্যা সীমিত করা এবং দখল/ধারণক্ষমতার সীমা পর্যবেক্ষণ করা এবং (2) অগ্নি নিরাপত্তা এবং অন্যান্য প্রযোজ্য নিয়মকানুন মেনে চলা নিশ্চিত করে নিচে বর্ণীত অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষার সুবিধা প্রদান করা।
    - দায়বদ্ধ পক্ষগুলিকে অবশ্যই স্ক্রিনিংয়ের জন্য সিনেমা হলের ভেতরে বা বাইরে সারি দিয়ে দাঁড়িয়ে থাকা অবস্থায় ছয় ফুটের সামাজিক দূরত্ব বজায় রাখতে একটি পরিকল্পনা তৈরি করতে হবে, যেমন প্রযোজ্য।
- দায়বদ্ধ পক্ষগুলিকে যতটা সম্ভব যোগাযোগ সীমিত করতে অবশ্যই পিকআপ এবং ডেলিভারির জন্য এলাকা নির্দিষ্ট করতে হবে।

- পণ্য ডেলিভারির জন্য, দায়বদ্ধ পক্ষদের স্পর্শ না করে একটি ডেলিভারি ব্যবস্থার বাস্তবায়ন করতে হবে, যেখানে ডেলিভারি করার সময় ড্রাইভার গাড়িতে বসে থাকেন অথবা যেখানে সম্ভব নয় সেখানে, দায়বদ্ধ পক্ষরা প্রত্যাশিত কার্যকলাপের উপযুক্ত গ্রহণযোগ্য PPE প্রদান করবে যার মধ্যে ন্যূনতমভাবে ডেলিভারি প্রক্রিয়া চলাকালীন সময়ের জন্য বিনামূল্যে ডেলিভারির সাথে জড়িত ব্যক্তির জন্য একটি মুখের আবরণ অন্তর্ভুক্ত থাকে।

- দায়বদ্ধ পক্ষগুলিকে পণ্যের একটি লোড স্থানান্তর (যেমন একজন ডেলিভারি ড্রাইভার থেকে) করার আগে এবং পরে অবশ্যই কর্মীদের কর্তৃক হাত জীবাণুমুক্তকরণ নিশ্চিত করতে হবে (যেমন পণ্য লোড করতে শুরু করার আগে হাত জীবাণুমুক্ত করা; এবং একবার সব পণ্য লোড করা হয়ে গেলে, তাদের হাত জীবাণুমুক্ত করে সমাপ্ত করা)।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই:
  - খাদ্য সেবা কার্যকলাপগুলিকে অবশ্যই DOH এর "COVID-19 জনস্বাস্থ্যের সংকটকালীন পরিস্থিতিতে খাদ্য সেবার জন্য অন্তর্বর্তীকালীন নির্দেশনা" (Interim Guidance for Food Services during the COVID-19 Public Health Emergency) অনুযায়ী কার্য পরিচালনা করতে হবে। যদিও, যেখানেই এই নির্দেশিকা কঠোর মান প্রয়োগ করে (উদাহরণস্বরূপ, ধারণ ক্ষমতার সীমা, মুখ ঢেকে রাখার প্রয়োজনীয়তা), দায়বদ্ধ পক্ষকে অবশ্যই এই নির্দেশিকা মেনে চলতে হবে।
    - উল্লিখিত নির্দেশিকা অনুযায়ী, দায়বদ্ধ পক্ষকে অবশ্যই সেলফ-সারভিং খাবার এবং পানীয় (উদাহরণস্বরূপ, কন্ডিমেন্ট, সোডা) বন্ধ করতে হবে, এবং শুধুমাত্র কর্মচারীদের কনসেশন এলাকায় খাদ্য এবং পানীয় পরিবেশন করার অনুমতি দিতে হবে।
  - যেকোনো বসার জায়গা বন্ধ করতে হবে যেখানে সামাজিক দূরত্ব বজায় রাখা যাবে না।
  - আরকেড এবং বিনোদনমূলক এলাকা বন্ধ করতে হবে।
  - শিশুদের খেলার এলাকা বন্ধ করতে হবে।

- দায়বদ্ধ পক্ষকে অবশ্যই স্পর্শহীন অর্থ প্রদান ব্যবস্থা সরবরাহ করতে হবে অথবা আগে পেমেন্টের সুবিধা দিতে হবে। সব ক্ষেত্রে দায়বদ্ধ পক্ষদের উচিত নগদ টাকা, ক্রেডিট কার্ড, মেম্বারশিপ কার্ড এবং মোবাইল ডিভাইস পরিচালনা করা সীমিত করা, যেখানে সম্ভব।
  - দায়বদ্ধ পক্ষের উচিত পৃষ্ঠপোষকদের অনলাইনে অথবা মোবাইল অ্যাপ্লিকেশনের মাধ্যমে টিকেট কিনতে উৎসাহিত করা, যখন প্রযোজ্য এবং কার্যকর।
  - দায়বদ্ধ পক্ষকে অবশ্যই উপরোক্ত প্রয়োজনীয়তা অনুযায়ী পৃষ্ঠপোষকদের জন্য থিয়েটারে আসন বরাদ্দ করতে হবে।

II. জায়গা

A. বায়ু পরিশ্রুতকরণ এবং বিল্ডিং সিস্টেম

- দায়বদ্ধ পক্ষদের নিশ্চিত করতে হবে যে ন্যূনতম MERV-13, অথবা শিল্পের সমতুল্য বা তার চেয়ে বৃহত্তর (উদাহরণস্বরূপ, HEPA) HVAC সিস্টেম ফিল্টারেশন স্থাপন করা বর্তমানে ইনস্টল করা ফিল্টার র‍্যাক এবং এয়ার হ্যান্ডলিং সিস্টেমের সাথে সামঞ্জস্যপূর্ণ ফিল্টারেশনের সর্বাধিক রেট পূরণ করে, যেমন প্রযোজ্য এবং একটি প্রত্যয়িত HVAC টেকনিশিয়ান, পেশাদার বা সংস্থা, ASHRAE-প্রত্যয়িত পেশাদার, প্রত্যয়িত রেট্রো-কমিসনিং পেশাদার, অথবা নিউ ইয়র্কের লাইসেন্সপ্রাপ্ত পেশাদার বিল্ডিংয়ের ইঞ্জিনিয়ার দ্বারা প্রত্যয়িত এবং নথিভুক্ত হিসাবে।

- দায়বদ্ধ পক্ষ CDC এবং ASHRAE সুপারিশ অনুযায়ী অতিরিক্ত ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন মিটিগেশন প্রোটোকল গ্রহণ করার কথা বিবেচনা করতে পারে, বিশেষ করে 15 বছরের বেশী বয়সী ভবনগুলোর জন্য, যার মধ্যে রয়েছে:
  - কেন্দ্রীয় ব্যবস্থার প্রয়োজনীয় রেট্রো-কমিশনিং, সেই সাথে প্রয়োজন অনুযায়ী পরীক্ষা, ভারসাম্য এবং মেরামত করা;
  - ভেন্টিলেশন রেট এবং আউটডোর এয়ার ভেন্টিলেশন যতটা সম্ভব বাড়ানো;
  - দীর্ঘ সময় ধরে সিস্টেম চালু রাখা, বিশেষ করে দখলদারিত্বের আগে এবং পরে দৈনিক কয়েক ঘন্টার জন্য;
  - চাহিদা-নিয়ন্ত্রিত ভেন্টিলেশন নিষ্ক্রিয় করা, যেখানে যুক্তিসঙ্গত, এবং তাজা বায়ু সরবরাহ বৃদ্ধি কারী সিস্টেম রক্ষণাবেক্ষণ;
  - যেখানে সম্ভব 40-60% মধ্যে আপেক্ষিক আর্দ্রতা বজায় রাখা;
  - সম্ভাব্য মাত্রায় পুনঃসঞ্চালন হ্রাস বা নির্মূল করার জন্য আউটডোর এয়ার ড্যাম্পার খোলা;
  - বাইপাস সীমিত করার জন্য ফিল্টারের কিনারা সিল করা;
  - এগুলি সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে সিস্টেম এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা, এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো হয় তা নিশ্চিত করা।
  - বাসিন্দাদের নিরাপত্তা এবং স্বাচ্ছন্দ্যের জন্য সুযোগ রেখে জানালা খোলা রাখা;
  - বায়ুবাহিত ভাইরাস কণা নিষ্ক্রিয় করতে যথাযথভাবে ডিজাইন করা এবং অতিবেগুনী জীবাণু বিকিরণ (Ultraviolet Germicidal Irradiation, UVGI) ইনস্টল করা; এবং/অথবা
  - বহনযোগ্য এয়ার ক্লিনার (উদাহরণস্বরূপ, বৈদ্যুতিক HEPA ইউনিট) ব্যবহার করা, যে ইউনিট গুলি যথাযথ কর্মক্ষমতা স্তরে সর্বোচ্চ বায়ু পরিবর্তন হার প্রদান করে এবং ক্ষতিকর বাইপ্রোডাক্ট উৎপাদন করে না।

- সিনেমা হল যেগুলি উপরে উল্লিখিত ন্যূনতম ফিল্টারেশনের মাত্রা (অর্থাৎ, MERV-13 বা তার বেশি) পরিচালনা করতে পারে না সেগুলির জন্য, দায়বদ্ধ পক্ষদের অবশ্যই উচিৎ একটি প্রত্যয়িত HVAC টেকনিশিয়ান, পেশাদার, অথবা কোম্পানি, ASHRAE-প্রত্যয়িত পেশাদার, প্রত্যয়িত রেট্রো-কমিশনিং পেশাদার, অথবা নিউ ইয়র্কের লাইসেন্সপ্রাপ্ত পেশাদার বিল্ডিং ইঞ্জিনিয়ারের দ্বারা প্রত্যয়ন এবং নথিভুক্ত করতে হবে যে বর্তমানে ইনস্টল করা ফিল্টার র‍্যাকটি উপরে উল্লিখিত ফিল্টারেশনের ন্যূনতম স্তরের (অর্থাৎ MERV-13 বা তার বেশি) সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এবং/ অথবা এয়ার হ্যান্ডলিং সিস্টেমটি গরম এবং ঠান্ডা করার ন্যূনতম স্তরটি সম্পাদন করতে অক্ষম হবে যা সেটি অন্যথায় COVID-19 জনস্বাস্থ্যের জরুরী অবস্থার আগে করতে সক্ষম হয়েছিল যদি তেমন উচ্চ মাত্রার ফিল্টারেশন (অর্থাৎ MERV-13 বা তার বেশি) ইন্সটল করা থাকে।
  - উপরন্তু, কম ফিল্ট্রেশন রেটে অপারেট করার জন্য দায়বদ্ধ পক্ষকে অবশ্যই স্টেট বা স্থানীয় স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাদের পর্যালোচনার জন্য এই ধরনের কাগজপত্র রাখতে হবে, অতিরিক্ত ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন কমানোর প্রোটোকল সহ।
  - উপরন্তু, যেসব দায়বদ্ধ পক্ষদের এয়ার হ্যান্ডলিং সিস্টেম সহ ফ্যাসিলিটি আছে যা MERV-13 বা তার বেশি ফিল্টারেশনের রেটিং পূরণ করতে অক্ষম তাদের CDC এবং ASHRAE পরামর্শগুলি অনুযায়ী বাড়তি ভেন্টিলেশন এবং এয়ার ফিল্টারেশন মিটিগেশন প্রোটোকলগুলি গ্রহণ করতে হবে, যার মধ্যে রয়েছে:
    - কেন্দ্রীয় ব্যবস্থার প্রয়োজনীয় রেট্রো-কমিশনিং, সেই সাথে প্রয়োজন অনুযায়ী পরীক্ষা, ভারসাম্য এবং মেরামত করা;

- ভেন্টিলেশন রেট এবং আউটডোর এয়ার ভেন্টিলেশন যতটা সম্ভব বাড়ানো;
- দীর্ঘ সময় ধরে সিস্টেম চালু রাখা, বিশেষ করে দখলদারিত্বের আগে এবং পরে দৈনিক কয়েক ঘন্টার জন্য;
- চাহিদা-নিয়ন্ত্রিত ভেন্টিলেশন নিষ্ক্রিয় করা, যেখানে যুক্তিসঙ্গত, এবং তাজা বায়ু সরবরাহ বৃদ্ধি কারী সিস্টেম রক্ষণাবেক্ষণ;
- যেখানে সম্ভব 40-60% মধ্যে আপেক্ষিক আর্দ্রতা বজায় রাখা;
- সম্ভাব্য মাত্রায় পুনঃসঞ্চালন হ্রাস বা নির্মূল করার জন্য আউটডোর এয়ার ড্যাম্পার খোলা;
- বাইপাস সীমিত করার জন্য ফিল্টারের কিনারা সিল করা;
- এগুলি সঠিকভাবে কাজ করছে তা নিশ্চিত করতে সিস্টেম এবং ফিল্টার নিয়মিত পরিদর্শন করা, এবং ফিল্টারগুলি যথাযথভাবে ইনস্টল করা, পরিষেবার মেয়াদকালে সার্ভিস করানো হয় তা নিশ্চিত করা।
- বাসিন্দাদের নিরাপত্তা এবং স্বাচ্ছন্দ্যের জন্য সুযোগ রেখে জানালা খোলা রাখা;
- বায়ুবাহিত ভাইরাস কণা নিষ্ক্রিয় করতে যথাযথভাবে ডিজাইন করা এবং অতিবেগুনী জীবাণু বিকিরণ (Ultraviolet Germicidal Irradiation, UVGI) ইনস্টল করা; এবং/অথবা
- বহনযোগ্য এয়ার ক্লিনার (উদাহরণস্বরূপ, বৈদ্যুতিক HEPA ইউনিট) ব্যবহার করা, যে ইউনিট গুলি যথাযথ কর্মক্ষমতা স্তরে সর্বোচ্চ বায়ু পরিবর্তন হার প্রদান করে এবং ক্ষতিকর বাইপ্রোডাক্ট উৎপাদন করে না।

- যে সব দায়বদ্ধ পক্ষের সিনেমা হলে কেন্দ্রীয় এয়ার হ্যান্ডলিং সিস্টেম নেই, তাদের অবশ্যই CDC এবং ASHRAE এর সুপারিশ অনুযায়ী ভেন্টিলেশন এবং এয়ার ফিল্ট্রেশন মিটিগেশন প্রোটোকল গ্রহণ করতে হবে।
